দৈনিক ইনকিলাব

JAN. 31 2002

তারিখ ... ... ... ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৫ ...

শিক্ষা ভবনে সমাবেশ অনুষ্ঠিত

# ১০ দিনের মধ্যে সন্ত্রাসীদের বহিষ্কারের দাবী

**স্টাফ রিপোর্টার ঃ** ১০ দিনের মধ্যে শিক্ষা ভবন থেকে সন্ত্রাস ও বিশৃঙ্খলা সৃষ্টিকারীদের বিতাড়িত বা বহিষ্কার করার জন্য বাংলাদেশ সরকারী কর্মচারী সমন্বয় পরিষদ জোর দাবী জানিয়েছে। দেশের গুরুত্বপূর্ণ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর বা শিক্ষা ভবনে মঈনুল হক বার ভূইয়াসহ একটি বিশেষ গ্রুপ সাধারণ কর্মচারীদের ভয়-ভীতি প্রদর্শন এবং চাঁদাবাজির মাধ্যমে এক অরাজকতার সৃষ্টি করেছে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের কয়েকজন ৩য় শ্রেণীর কর্মচারী মঈনুল হক বার ভূইয়ার নেতৃত্বে শিক্ষা ভবনের সার্বিক কাজের পরিবেশ ধ্বংস করে ফেলছে।

গতকাল (বুধবার) বিকাল ৪টায় শিক্ষা ভবন চত্বরে সাধারণ কর্মচারী ও সরকারী কর্মচারী সমন্বয় পরিষদ এক সমাবেশের আয়োজন করে। জনাব ফজলুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত ঐ সমাবেশে সমন্বয় পরিষদের মহাসচিব মোঃ সালেউদ্দিন সেলিম, কার্যকরি সভাপতি আবদুল কাদের, আঞ্চলিক সাধারণ সম্পাদক কাজী জহিরুল হক, মোস্তফা পাটোয়ারী, হারুন-অর-রশিদ মৃধা প্রমুখ বক্তৃতা করেন।

নেতৃবৃন্দ সভায় সন্ত্রাসী কর্মকাণ্ড এবং অরাজকতা সৃষ্টিকারীদের অবিলম্বে বহিষ্কার করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এবং সরকারের কাছে জোর দাবী জানিয়েছেন। নেতৃবৃন্দ আগামী ১০ দিনের মধ্যে তাদের দাবী পূরণের মাধ্যমে শিক্ষা ভবনের পরিবেশ সুন্দর ও কাজের উপযোগী করার জন্য জোর দাবী জানিয়েছেন।